আওয়ামী লীগের নৈরাজ্য ও সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে দামুড়হুদা বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ

সারাদেশে ফ্যাসিস্ট আওয়ামী লীগের অরাজকতা, ককটেল বিস্ফোরণ, নৈরাজ্য ও সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৩ নং ওয়ার্ড বিএনপির আয়োজনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ৩ নং ওয়ার্ড বিএনপি।

বুধবার বিকেল ৪টার দিকে হাউলী ইউনিয়নের ৩ নং ওয়ার্ড বিএনপির আয়োজনে জয়রামপুর স্টেশন এলাকা থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়। মিছিলটি এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, হাউলী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক অহিদুজ্জামান,৩ নং ওয়ার্ড বিএনপির সভাপতি ভারপ্রাপ্ত আবু হাসান, সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান,মোঃ সজল আকতার (নুর সালাম)চুয়াডাঙ্গা জেলা সহ-সভাপতি জিয়া মঞ্জ। উপজেলা জিয়া স্মৃতি সংসদ সভাপতি মোঃ তরিকুল ইসলাম রানা, সহ স্থানীয় বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সমাবেশে বক্তারা বলেন, সারাদেশে আওয়ামী লীগের অরাজকতা, ককটেল বিস্ফোরণ, নৈরাজ্য ও সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির অপচেষ্টা চালানো হচ্ছে। দেশের শান্তি, শৃঙ্খলা ও গণতান্ত্রিক পরিবেশ বিনষ্ট করার যেকোনো অপচেষ্টা ঐক্যবদ্ধভাবে প্রতিহত করতে হবে।

বক্তারা আরও বলেন, বিএনপি জনগণের অধিকার ও গণতন্ত্র প্রতিষ্ঠার রাজনীতি করে। কোনো ধরনের সন্ত্রাস, নৈরাজ্য কিংবা বিশৃঙ্খলা সৃষ্টির অপচেষ্টা বরদাশত করা হবে না। দলের প্রতিটি নেতাকর্মীকে ঐক্যবদ্ধ থেকে সতর্ক ও সজাগ থাকতে হবে। পাশাপাশি শান্তিপূর্ণ ও